

চবিতে ছাত্রলীগের দুই দফা সংঘর্ষ : কেন্দ্রীয় কমিটির শোকজ

প্রতিনিধি চট্টগ্রাম :

: বৃহস্পতিবার, ১২ জানুয়ারী ২০২৩



প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ ছাত্রলীগ, কেন্দ্রীয় নির্বাহী সংসদের এক সিদ্ধান্ত মোতাবেক আমদানী ঘোষণা করে, পতি ৫/০১/২০২৩ তারিখে বাংলাদেশ ছাত্রলীগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় সংঘর্ষিত অনাকাঞ্চিত ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে কেন্দ্রীয় নির্বাহী সংসদের বিচারক ব্যবস্থা এবং করা হবে না তার উপরুক্ত কারণসহ লিখিত জবাব উত্তোলিত ইউনিট-এর আগামী ৭ দিনের মধ্যে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কার্যালয়ে অস্বীকৃত নিম্নলিখিত আদান পদ্ধতি করে।

বাংলাদেশ ছাত্রলীগ
কেন্দ্রীয় নির্বাহী
সংসদের আদান পদ্ধতি

বাংলাদেশ ছাত্রলীগ
কেন্দ্রীয় নির্বাহী
সংসদের আদান পদ্ধতি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগের সিঙ্গুটি-নাইন ও ভিএক্স (ভার্সিটি এক্সপ্রেস) গ্রুপের মধ্যে দুই দফায় সংঘর্ষের ঘটনায় কারণ দর্শনোর নোটিশ দিয়েছে কেন্দ্রীয় ছাত্রলীগ। বুধবার সন্ধ্যায় এক প্রেস বিজ্ঞপ্তিতে চবি ছাত্রলীগ ইউনিটকে ৭ দিনের মধ্যে উপরুক্ত কারণসহ লিখিত জবাব দিতে বলা হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ ছাত্রলীগ, কেন্দ্রীয় নির্বাহী সংসদের এক সিদ্ধান্ত মোতাবেক জানানো যাচ্ছে যে, পতি ৫/০১/২০২৩ তারিখে বাংলাদেশ ছাত্রলীগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় সংঘর্ষিত অনাকাঞ্চিত ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে কেন্দ্রীয় নির্বাহী সংসদের বিচারক ব্যবস্থা এবং করা হবে না তার উপরুক্ত কারণসহ লিখিত জবাব উত্তোলিত ইউনিটকে আগামী ৭ দিনের মধ্যে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কার্যালয়ে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করে।

গত ৫ জানুয়ারি শাটল ট্রেনে কথা-কাটাকাটিকে কেন্দ্র করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুই উপগ্রহপ সিঙ্ক্রিটি নাইন ও ভিএক্সের কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। পরদিন রাতে এই ঘটনার জেরে ফের রক্তক্ষয়ী সংঘর্ষে জড়ায় ওই দুই গ্রহপের কর্মীর। ইটপাটকেল নিষ্কেপ, ভাঙ্গচুর ও ধাওয়া-পাল্টা ধাওয়াতে রণক্ষেত্রে পরিণত হয় পুরো ক্যাম্পাস। এ ঘটনায় দুই দিনে উভয় গ্রহপ মিলে নয় জনের বেশি আহত হয়।

সিঙ্ক্রিটি-নাইন গ্রহপের নেতা ও শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইকবাল হোসেন টিপু বলেন, যেহেতু আমাদের শোকজ করেছেন, আমরা আমাদের ব্যাখ্যা দিয়ে দিব। ঘটনার সুত্রপাত থেকে প্রশাসনিক উদাসিনতা সবকিছুই ব্যাখ্যায় থাকবে।

ভিএক্স গ্রহপের নেতা ও শাখা ছাত্রলীগের সহ-সভাপতি প্রদীপ চক্রবর্তী দুর্জয় বলেন, কেন্দ্রীয় ছাত্রলীগ যে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে আমরা সেটিকে সাধুবাদ জানাই। তারা দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন। ৫ তারিখ রাতে আমাদের এক কর্মীকে অতর্কিত আহত করে জখম করেছে সেক্রেটারির অনুসারীরা, সে এখনও চিকিৎসাধীন আছে। দুই দিন সংঘর্ষের একদিনও আমার গ্রহপের কর্মীরা কেউ আগে থেকে ঝামেলা করার উদ্দেশ্য নিয়ে তাদের দিকে অগ্রসর হয়নি। বরং তারাই আমাদের দিকে অগ্রসর হয়েছে। আমরা শুধু হামলা প্রতিহত করেছি।